
ওড়িশায় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের পরীক্ষা চালাল ভারত



সংগৃহীত ছবি

সামরিক সক্ষমতা আরও জোরদার করার অংশ হিসেবে স্বল্প পাল্লার ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র অগ্নি-১-এর সফল পরীক্ষা চালিয়েছে ভারত। শুক্রবার (২২ মে) ওড়িশা উপকূলে স্ট্র্যাটেজিক ফোর্সেস কমান্ডের (এসএফসি) তত্ত্বাবধানে এই পরীক্ষামূলক উৎক্ষেপণ সম্পন্ন হয়।

ভারতের প্রতিরক্ষা মন্ত্রণালয় এক বিবৃতিতে জানায়, পরীক্ষার সময় সব ধরনের কার্যকারিতা ও নির্ধারিত মানদণ্ড অগ্নি-১ সফলভাবে পূরণ করেছে। ক্ষেপণাস্ত্রটি দ্রুতগতিতে নির্ভুলভাবে লক্ষ্যবস্তুতে আঘাত হানতে সক্ষম।

অগ্নি-১ একটি স্বল্প পাল্লার ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র, যার কার্যকর পাল্লা প্রায় ৭০০ থেকে ১২০০ কিলোমিটার। এটি কৌশলগত প্রতিরক্ষা ব্যবস্থার অংশ হিসেবে তৈরি করা হয়েছে এবং বিভিন্ন সামরিক পরিস্থিতিতে ব্যবহারের উপযোগী।

এর অন্যতম বৈশিষ্ট্য হলো ভ্রাম্যমাণ লঞ্চার থেকে উৎক্ষেপণযোগ্য হওয়া, যা যেকোনো স্থানে দ্রুত মোতায়েনের সুবিধা দেয়। সড়ক ও রেলপথে পরিবহনযোগ্য হওয়ায় এটি যুদ্ধক্ষেত্রে দ্রুত প্রতিক্রিয়া দিতে সক্ষম।

প্রায় ১০০০ কেজি ওজনের ওয়ারহেড বহনে সক্ষম এই ক্ষেপণাস্ত্রে উন্নত নেভিগেশন ও গাইডেন্স সিস্টেম যুক্ত রয়েছে। এছাড়া সলিড প্রোপেল্যান্ট প্রযুক্তি ব্যবহারের কারণে এটি দ্রুত উৎক্ষেপণ করা সম্ভব হয়।

প্রতিবেদনে আরও বলা হয়, ভারতের অগ্নি সিরিজের ক্ষেপণাস্ত্রগুলোর রেঞ্জ ৭০০ কিলোমিটার থেকে ৩৫০০ কিলোমিটার পর্যন্ত বিস্তৃত। এর আগে গত ৯ মে দেশটি আরও একটি কৌশলগত আন্তঃমহাদেশীয় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের (ICBM) পরীক্ষার কথা আন্তর্জাতিক বিভিন্ন প্রতিবেদনে উঠে আসে।

বিশ্লেষকদের মতে, অগ্নি-১-এর এই সফল পরীক্ষা ভারতের কৌশলগত প্রতিরক্ষা সক্ষমতাকে আরও একধাপ এগিয়ে নেবে।